# রামগঞ্জ পৌরসভা কার্যালয়

রামগঞ্জ,লক্ষ্মীপুর।

www.ramgonjpourashava.com

স্মারক নংঃরামঃ/পৌরঃ/২০২৬/ ৩৪৫

তারিখঃ ০৭ /০৪/২০২৬ খ্রিঃ

## বিজ্ঞপ্তি নং- ০২/২০২৫-২০২৬
## হাট-বাজার/সিএনজি স্ট্যান্ড ও গণশৌচাগার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা ২০২৫ অনুযায়ী রামগঞ্জ পৌরসভা নিম্নে বর্ণিত হাট-বাজার/ সিএনজি স্ট্যান্ড ও গণশৌচাগার সমূহ নিম্নোক্ত সময়সূচী ও আরোপিত শর্তসাপেক্ষে ১৪৩৩ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের মেয়াদের জন্য সম্পুর্ন অস্থায়ী ভিত্তিতে আগ্রহী ব্যক্তি/ ইজারাদারগণ/ প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ইজারা প্রদানের লক্ষে E-Tender দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ১০০% অর্থ জমা দিতে হবে। উল্লেখিত ১০০% হারে অর্থ ব্যতীত বিধি মোতাবেক অতিরিক্ত ১৫% হারে ভ্যাট, ১০% হারে আয়কর, ১০% হারে জামানত (ফেরত যোগ্য) ও মহালের ক্রমিক অনুযায়ী সিডিউল মূল্য পৃথক পৃথক ভাবে প্রশাসক, রামগঞ্জ পৌরসভা বরাবরে তফসীলভূক্ত (সোনালী, পূবালী, জনতা, অগ্রনী, রুপালী, কৃষি, ওয়ান ব্যাংক, ব্যাংক এশিয়া, এনআরবিসি, এনসিসি) ব্যাংক হতে সিডিআর /পে-অর্ডার মূলে পৃথক পথক আকারে E-Tender আবেদনে সংযুক্ত করতে হবে। আবেদনের সহিত সিডিউল মূল্যের অর্থ দরপত্রের সাথে সংযুক্ত করা না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। কাঙ্খিত সরকারী মূল্যের ভিত্তিতে মহাল ইজারা প্রদান করা হবে। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন। এই বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত। বিস্তারিত পৌরসভার ওয়েব সাইট https://ramgonjpourashava.com/e-tender এবং পৌরসভা নোটিশ বোর্ড ও বাজার শাখায় পাওয়া যাবে।

দরপত্র প্রাপ্তির স্থান ঃ

| ক্রমিক নং | প্রাপ্তির স্থান সমূহ |
|---|---|
| ০১ | E-Tender প্রক্রিয়ায় রামগঞ্জ পৌরসভার ওয়েব সাইটে আবেদন করতে হবে |
| ০২ | https://ramgonjpourashava.com/e-tender |

সিডিউল বিক্রয় ও গ্রহনের সময়সূচী নিম্নরুপঃ

| পর্যায় | অনলাইনে দরপত্র দাখিলের শেষ তারিখ | অনলাইন দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৫ |
| ৪র্থ পর্যায় | ১৫/০৪/২০২৬ খ্রিঃ দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত | ১৫/ ০৪/২০২৬ খ্রিঃ বিকেল ৩.০০ ঘটিকা | ১ম,২য় এবং ৩য় পর্যায়ে কাঙ্খিত দর পাওয়া যায়নি বিধায় ৪র্থ ও ৫ম পর্যায়ে দরপত্র আহবান করা হলো। যে কোন বার দরপত্র গৃহীত হলে দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে। |
| ৫ম পর্যায় | ২৩/০৪/২০২৬ খ্রিঃ দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত | ২৩/০৪/২০২৬ খ্রিঃ বিকেল ৩.০০ ঘটিকা | |

তফসিল

| ক্রঃ নং | গ্রুপ নং | হাট-বাজার/স্ট্যান্ড সমূহের নাম | সম্ভাব্য সরকারী মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ০৭ | বালুয়া চৌমুহনী বাজার | ৩০৫০০/- | ৫০০/- |
| ২ | ১৩ | রামগঞ্জ কেন্দ্রীয় ঈদগাঁহ ও ওয়াবদা বেড়ী সি এন জি ষ্ট্যান্ড | ১৫০০০০/- | ১০০০/- |
| ৩ | ১৬ | সোনাপুর চৌরাস্তা সি,এন,জি, টেম্পু ও বেবীষ্ট্যান্ড (পানিওয়ালা সড়ক) | ৩৯২০০০/- | ১৩০০/- |
| ৪ | ১৭ | সোনাপুর মোরগ বাজার ও হরিসভা ব্রিজ হইতে নারায়নপুর সড়ক সি এন জি ষ্ট্যান্ড | ২৫৭০০০/- | ১১০০/- |
| ৫ | ২০ | সোনাপুর বাজার (হলুদ পট্টি) গণশৌচাগার | ৪৬৫০০/- | ৫০০/- |
| ৬ | ২২ | সোনাপুর বাজার (হলুদ পট্টি) আধুনিক গণশৌচাগার | ৪০০০০/- | ৫০০/- |

**শর্তাবলীঃ**

**০১। ইজারার মেয়াদ ১ বৈশাখ হতে ৩০শে চৈত্র ১৪৩৩ বাংলা সন পর্যন্ত বলবৎ থাকবে।**

**০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে উল্লেখিত দরের ১০০% অর্থ তফসীলভূক্ত (সোনালী, পূবালী, জনতা, অগ্রনী, রুপালী, কৃষি, ওয়ান ব্যাংক, ব্যাংক এশিয়া, এনআরবিসি, এনসিসি) ব্যাংক হতে প্রশাসক, রামগঞ্জ পৌরসভা বরাবরে সিডিআর/পে-অর্ডার E-Tender আবেদনে সংযুক্ত করতে হবে । ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।**

**০৩। দরদাতা কর্তৃক দাখিলকৃত দরের উপর ১৫% হারে ভ্যাট, ১০% হারে উৎস কর (আয়কর) ও ১০% হারে জামানত ও সিডিউল মূল্য প্রশাসক, রামগঞ্জ পৌরসভা বরাবরে সিডিআর/ পে-অর্ডার E-Tender আবেদনে পৃথক পৃথকভাবে সংযুক্ত করতে হবে (জামানত ফেরৎ যোগ্য)।**

**০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট পৌর হাট-বাজার সরকারি মূল্যের কম হয় তাহা হলে পুণরায় দরপত্র আহ্বান করা হবে।**

L.E/app.off/ejara/ejara1433

CamScanner

০৫। কৃতকার্য দরদাতাকে দর অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করে সংশ্লিষ্ট মহাল এবং স্ট্যান্ড বাজারের দখল বুঝে নিতে হবে। উল্লেখিত সময়ে ষ্ট্যাম্প জমা দিয়ে মহাল, স্ট্যান্ড এবং হাট-বাজারের দখল বুঝে নিতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেনা।

০৬। কৃতকার্য দরদাতাগণকে ক) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, খ) পাসপোর্ট সাইজ ছবি- ১ কপি, গ) মোবাইল নম্বর জমা দিতে হবে।

০৭। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত মহাল এবং স্ট্যান্ড, হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না

০৮। টোল আদায়কারীর পরিচয় পত্র প্রশাসক কর্তৃক সত্যায়িত করে নিতে হবে।

০৯। ইজারাদারকে পৌরসভার হতে সরবরাহকৃত টোল চার্ট মোতাবেক টোল আদায় করতে হবে। রেইটের অতিরিক্ত বর্ধিত হারে টোল আদায় করা হয়েছে মর্মে প্রমান পাওয়া গেলে মহাল/ স্ট্যান্ড ইজারা বাতিলসহ সম্পূর্ন টাকা বাজেয়াপ্ত করে পুনঃ ইজারা দেওয়া হবে।

১০। ইজারাদার কর্তৃক মহাল/স্ট্যান্ড পৌর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত টোল আদায়ের রশিদ বই ছাপিয়ে নিতে হবে। রশিদ বই ছাড়া খাজনা/টোল আদায় করা যাবেনা।

১১। ইজারাদার নিজ খরচে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

১২। গনশৌচাগার সমুহের ইজারাদার কর্তৃক গনচৌশাগার পরিষ্কার পরিচ্ছন্নতা, সেফটিক ট্যাঙ্ক পরিষ্কার, বিদ্যুৎ বিল ও পানির বিল নিজ দায়িত্বে পরিশোধ করবেন। গণশৌচাগার ব্যবহার প্রতিবার ক) পায়খানা- ৫/-টাকা, খ) প্রস্রাব-২/- টাকা।

১৩। ইজারাদার কর্তৃক মহাল/হাট-বাজার/ স্ট্যান্ড/ গনচৌশাগারের কোন ক্ষতি সাধিত হলে ১০% জামানত কর্তনকরে উক্ত ক্ষতির নির্বাহ করা হবে।

১৪। সরকার কর্তৃক কোন মহাল / হাট-বাজার/ স্ট্যান্ড / গনচৌশাগার সাময়িক অথবা স্থায়ীভাবে বন্ধ করে দিলে কর্তৃপক্ষ দায়ি থাকবেনা।

১৫। স্থানীয় সরকার বিভাগের সময় সময় জারিকৃত আদেশ মেনে চলতে বাধ্য থাকবেন।

১৬। ইজারাদার মহাল/হাট-বাজার/ স্ট্যান্ড এর সীমানা, চৌহদ্দি বজায় রাখিবেন এবং সংরক্ষন করিবেন। কেহ যাতে হাট-বাজারে অনুপ্রবেশ বা দখল করতে না পারে তা নিশ্চিত করবেন। কোন মহালের সীমানা নিয়ে বিরোধ দেখা দিলে পৌর কতৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১৭। বাস প্রতিদিন ১ (এক) বার ২৫/- টাকা হারে টোল আদায় করা যাবে। অতিরিক্ত টোল আদায় করলে ইজারা ও জামানত সহ বাতিল করা হবে।

১৮। যত্রতত্র স্থানে সিএনজি না রেখে নির্ধারিত স্ট্যান্ডে সিএনজি রাখতে হবে। জনসাধারণের চলাচল নির্বিঘ্ন এবং যানজট মুক্ত রাখতে কোন অবস্থাতেই সড়কপথের উপর সিএনজি রাখা যাবে না। সিএনজি প্রতিদিন ১ (এক) বার ১০/- টাকা হারে টোল আদায় করা যাবে। অতিরিক্ত টোল আদায় করলে ইজারা ও জামানত সহ বাতিল করা হবে।

১৯। মালবাহী ট্রাক (ছোট/বড়), পিকআপ, কোম্পানীর কভার্ড ভ্যান (ছোট/বড়) লোড ৩০/-(ত্রিশ) টাকা, আনলোড-৩০/-(ত্রিশ) টাকা হারে খাজনা/টোল আদায় করা যাবে। অতিরিক্ত টোল /খাজনা আদায় করলে ইজারা ও জামানত সহ বাতিল করা হবে।

২০। পৌর কসাইখানা নির্ধারিত স্থানে পশু জবাই বাধ্যতামূলক করতে হবে। পৌর কসাইখানা জবাই ফি গরু প্রতি -৫০(পঞ্চাশ) টাকা, মহিষ প্রতি ৫০/-(পঞ্চাশ) টাকা এবং ছাগল/ভেড়া ২০/- (বিশ) টাকা হারে খাজনা/টোল আদায় করা যাবে। অতিরিক্ত টোল /খাজনা আদায় করলে ইজারা ও জামানত সহ বাতিল করা হবে।

২১। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

২২। শর্তাবলিতে উল্লেখ নেই, এ ধরনের সমস্যার সৃষ্টি হলে হাট ও বাজার(স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা-২০২৫ ও পৌরসভার নীতিমালা অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

০৭/০৪/২৬

(ফারাশিদ বিন এনাম)
প্রশাসক
রামগঞ্জ পৌরসভা
রামগঞ্জ, লক্ষ্মীপুর।

স্মারক নং- রামঃ/পৌরঃ/২০২৬/ ১৪৫ তারিখঃ ০৭ /০৪/২০২৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ সহকারে প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৭৪ লক্ষ্মীপুর-০১, (রামগঞ্জ)

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।

০৪। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।

০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, রামগঞ্জ, লক্ষ্মীপুর।

০৭। সহকারী কমিশনার ভূমি, রামগঞ্জ, লক্ষ্মীপুর।

০৮। অফিসার ইনচার্জ, রামগঞ্জ থানা, লক্ষ্মীপুর।

০৯। জনাব------------------------------------------ সদস্য (সকল), পৌর প্রশাসক কর্মসম্পাদন সহায়তা কমিটি, ওয়ার্ড নং -----, রামগঞ্জ পৌরসভা।

১০। পৌর নির্বাহী কর্মকর্তা, রামগঞ্জ পৌরসভা, লক্ষ্মীপুর।

L.E/app.off/ejara/ejara1433

CamScanner

১১। সহকারী প্রকৌশলী রামগঞ্জ পৌরসভা, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
১২। ব্যবস্থাপক ---------------------------------------------------- ব্যাংক, রামগঞ্জ শাখা, লক্ষ্মীপুর।
১৩। হিসাব রক্ষন কর্মকর্তা, রামগঞ্জ পৌরসভা, লক্ষ্মীপুর।
১৪। প্রশাসনিক কর্মকর্তা, রামগঞ্জ পৌরসভা, লক্ষ্মীপুর।
১৫। হিসাব রক্ষক, রামগঞ্জ পৌরসভা, লক্ষ্মীপুর।
১৬। সভাপতি/সাধারন সম্পাদক, রামগঞ্জ/বালুয়া চৌমুহনী/সোনাপুর বাজার বনিক সমিতি।
১৭। জনাব---------------------------------------------প্রাক্তন ইজারাদার (সকল), রামগঞ্জ, লক্ষ্মীপুর।
১৮। জনাব---------------------------------------------, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
১৯। সম্পাদক, দৈনিক ------------------------------------। আপনার বহুল প্রচারিত পত্রিকায় ০৩ কলামে ০৯ ইঞ্চি পরিসরে ভেতরের পাতায় আগামী ০৯/০৪ /২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে এক দিবসের সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল।
২০। নোটিশ বোর্ড, রামগঞ্জ পৌরসভা কার্যালয়, লক্ষ্মীপুর।
২১। সংশিষ্ট নথি।

(ফারাশিদ বিন এনাম)
প্রশাসক
রামগঞ্জ পৌরসভা, লক্ষ্মীপুর।

L.E/app.off/ejara/ejara1433